

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : 05-12-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Debendra Farnabish :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আজ মহাযুতি জোট সরকারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন দেবেন্দ্র ফড়নবীশ। আজ মুম্বইয়ে শপথ গ্রহণ অনুষ্ঠান হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। বিজেপির অন্যান্য নেতৃবৃন্দও অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ এবং গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপানীর উপস্থিতিতে দেবেন্দ্র ফড়নবীশকে বিজেপি পরিষদীয় দলের নেতা নির্বাচিত করা হয়। বিধায়ক চন্দ্রকান্ত পাটিল এবং সুধীর মুঙ্গানতিওয়ার শ্রী ফরড়নবীশের নাম প্রস্তাব করেন এবং অন্য বিধায়করা সমর্থন করেন।

Shakti Peethas Park at Banduar :

কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক গোমতী জেলার উদয়পুরের বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক গড়ে তোলার অনুমোদন দিয়েছে। এরজন্য ব্যয় হবে ৯৭ কোটি ৭০ লক্ষ টাকা। এটি ভারত সরকারের একটি উচ্চাভিলাষী ধর্মীয় পর্যটন প্রকল্প।

এই প্রকল্পে বনদুয়ারে একটি প্রাকৃতিক উদ্যান এলাকার মধ্যে ৫১টি শক্তি পীঠের প্রতিক্রম গড়ে তোলা হবে। এখানে গড়ে তোলা হবে একটি পার্ক যেখানে থাকবে পর্যাপ্ত স্থান নিয়ে বসার জায়গা। থাকবে একটি ফুড কোর্ট, একটি স্যুভেনির শপ, পানীয় জলের সুবিধা, পার্কিং সহ সুনির্মিত রাস্তা। তাছাড়া অতিথিদের জন্য আবাসন, নৈসর্গিক বাগিচা, পৌরাণিক কাহিনী ভিত্তিক

সংগ্রহশালা এবং বিনোদনমূলক কার্যক্রমের বিস্তৃত পরিসর সহ সামগ্রিকভাবে দর্শনার্থীদের সামনে বিপুল অভিজ্ঞতা সঞ্চয়ের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা থাকবে।

উল্লেখ্য, পর্যটন মন্ত্রক সারা দেশে এমন ২৩টি রাজ্যে ৪০টি পর্যটনস্থানের উন্নয়নে উচ্চাভিলাষী প্রকল্প অনুমোদন করেছে। এর জন্য মোট ব্যয় হবে ৩,২৯৫ কোটি টাকা।

Parakh Rashtriya Sarvekshan :

কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রক পরিচালিত সমীক্ষাপর্ব পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ গোটা দেশের সঙ্গে গতকাল সারা রাজ্যে অনুষ্ঠিত হয়েছে। রাজ্যে মোট ৫৬৭টি স্কুলে এই সমীক্ষা পর্ব অনুষ্ঠিত হয়। এতে তৃতীয়, ষষ্ঠ এবং নবম শ্রেণীর মোট ২১ হাজার ১৯০ জন ছাত্রছাত্রীদের পড়াশুনার মূল্যায়ন করা হয়।

এর মধ্যে ঊনকোটি জেলার ৬৩টি বিদ্যালয়ের তৃতীয়, ষষ্ঠ ও নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পড়াশোনার ক্ষেত্রে মূল্যায়ন করা হয়। বিষয়গুলোর মধ্যে ছিল, ভাষা, গণিত বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান। দক্ষিণ জেলাতেও গতকাল ৯১টি স্কুলে পরখ রাষ্ট্রীয় সর্বেক্ষণ অনুষ্ঠিত হয়।

Fishery Minister :

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা অস্তিম জনপদের মানুষের কাছে পৌঁছে দিতে হবে। এজন্য সরকারি আধিকারিকদের আরও বেশি দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। উন্নয়ন কর্মসূচি রূপায়ণে ত্রিপুর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে কাজ করতে হবে। গতকাল উত্তর ত্রিপুরা জেলায় মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের জেলাভিত্তিক পর্যালোচনা সভায় তিনি একথা

বলেন। তিনি কর্মপরিকল্পনা তৈরী করার ক্ষেত্রে জনপ্রতিনিধিদের মতামত গ্রহণ করতে হবে। তিনি মাছের পোনা ও মাছের খাদ্য বর্ষাকালের শুরুতেই বিতরণ করা ও মাছের উৎপাদন বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন।

ব্রাহ্মসমাজ:

বাংলাদেশের সংখ্যালঘুদের উপর ও নির্যাতনের প্রতিবাদে গতকাল আগরতলা প্যারাডাইস চৌমুহনীতে গণ অবস্থান পালন করে বৈদিক ব্রাহ্মণ সমাজ। ওইসব ঘটনার প্রতিবাদে বৈদিক ব্রাহ্মণ সমাজ মেলার মাঠ থেকে একটি মিছিল করে প্যারাডাইস চৌমুহনীতে গণ অবস্থান পালন করে। তারা বাংলাদেশের প্রবাহমান ঘটনার বিরুদ্ধে তীব্র নিন্দা জানায়। অবিলম্বে এইসব ঘটনা বন্ধ করার আহ্বান জানান। এই দাবি নিয়ে তারা পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের মাধ্যমে বাংলাদেশ সহকারী হাইকমিশন এবং প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে ডেপুটেশন ও দেয় ।

Accident death of a student , injure 2 :

পশ্চিম জেলার নোয়ানিমুড়ায় যান দুর্ঘটনায় গতকাল জিবি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দশম শ্রেণীর এক ছাত্রের মৃত্যু হয়েছে। এই দুর্ঘটনায় গুরুতর আহত হয় আরও দুই ছাত্র। জিবি ফাঁড়ির পুলিশ জানিয়েছে, মৃত ছাত্রের নাম ইমরান মিয়াঁ। পুলিশ আরও জানিয়েছে, সকালে প্রাইভেট টিউশন থেকে একটি বাইকে করে দশম শ্রেণীর তিন ছাত্র বাড়ি ফিরছিল। অন্য একটি বাইকের সাথে মুখোমুখি সংঘর্ষে তিন ছাত্র বাইক থেকে রাস্তায় ছিটকে পড়েন। দমকল কর্মীরা তাদের তিনজনকে গুরুতর অবস্থায় জিবি হাসপাতালে নিয়ে গিয়েছিল ।

Weather:

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়েছে। আজ ভোরের তাপমাত্রা সর্বনিম্ন ছিল ১৫ ডিগ্রী সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রী এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রীর কাছাকাছি থাকবে।
